



সরকারি জমি দখল করে পথ আটকে দেওয়ার অভিযোগ জামায়াত নেতার বিরুদ্ধে



সংগৃহীত ছবি

নাটোরের বাগাতিপাড়ার নূরপুর মালখি চকপাড়া এলাকায় স্থানীয় জামায়াত নেতা কামরুল ইসলামের বিরুদ্ধে সরকারি ভিপি জমি দখল করে ভূমিহীন পরিবারের চলাচলের পথ বন্ধ করার অভিযোগ উঠেছে।

ভুক্তভোগীরা জানিয়েছেন, জমি দখলের কারণে তাদের বাজার, স্কুল ও হাসপাতালের যাতায়াত ব্যাহত হচ্ছে। শুক্রবার (২৪ অক্টোবর) বাগাতিপাড়া প্রেস ক্লাবে সংবাদ সম্মেলনে শিখা বেগম অভিযোগ করেন, “জমি দখল করে কাঁটাতার বসিয়ে আমাদের চলাচল বন্ধ করা হয়েছে। এছাড়া কামরুল ইসলাম ‘ফিলোন সমবায় সমিতি’ নামে উচ্চ সুদে অর্থ আদায় করছেন।”

ভুক্তভোগীদের দাবি, দাগ নং ১৬০২ ও ১৬০৩ নম্বর সরকারি ভিপি জমি রাষ্ট্রের মালিকানাধীন এবং ভূমিহীনদের পুনর্বাসনের জন্য নির্ধারিত। কিন্তু অভিযুক্ত তা নিজের নামে দাবি করে সেখানে স্থায়ী প্রাচীর তুলতে চাইছেন। ফলে এলাকার চলাচল ব্যাহত হয়েছে, শিশুরা স্কুলে যেতে পারছে না, অসুস্থ রোগী হাসপাতালে নেওয়া কষ্টসাধ্য হয়েছে।

ভুক্তভোগীরা প্রশাসনের কাছে অভিযোগ করেছেন যে, জমি বৈধ কিনা তদন্ত করা হোক, তাদের চলাচলের পথ মুক্ত করা হোক এবং অভিযুক্তের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হোক। উপজেলা নির্বাহী কর্মকর্তা মারুফ আফজাল রাজন জানিয়েছেন, “আমরা তদন্তের নির্দেশ দিয়েছি, রিপোর্ট পাওয়ার পর প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।”

অভিযুক্ত কামরুল ইসলাম দাবি করেছেন, “আমার বিরুদ্ধে আনা অভিযোগ মিথ্যা। আমার জমির সঙ্গে কোনো সম্পর্ক নেই।”

জামায়াতের স্থানীয় আমির একেএম আফজাল হোসেন বলেন, “আমরা অন্যায়ের বিরুদ্ধে সবসময় প্রতিবাদ করি।” নাটোর জেলা জামায়াতের আমির ড. মীর নুরুল ইসলাম জানান, কামরুল ইসলাম বর্তমানে দলের সদস্য নন।